

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপত্র
www.sec.gov.bd

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপত্র/০২/২০২৪/২৪৩

তারিখ: ১৪ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি


বিষয়: কমিশনের বিদ্যমান আইন-কানুন ও বিধি-বিধান সম্পর্কে পুঁজিবাজারে কর্মরত বিভিন্ন 'মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার' প্রতিষ্ঠানের কর্মীদের প্রশিক্ষণ প্রদান প্রসঙ্গে।

পুঁজিবাজারে কর্মরত বিভিন্ন 'মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার' প্রতিষ্ঠানসমূহের কর্মীদের বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের বিদ্যমান আইন-কানুন ও বিধি-বিধান সম্পর্কে ধারণা প্রদানের নিমিত্ত ২১, ২৩, ২৫ ও ২৮ জুন, ২০২৬ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর উদ্যোগে চারটি ব্যাচে মোট ২০৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

সিকিউরিটিজ কমিশন ভবনের ৩য় তলায় অবস্থিত মাল্টিপারপাস হলে প্রশিক্ষণটি আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণে Securities and Exchange Ordinance, 1969, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬, Bangladesh Securities and Exchange Commission (Public Offer of Equity Securities) Rules, 2025 এবং Bangladesh Securities and Exchange Commission (Debt Securities) Rules, 2021 সহ অন্যান্য বিষয়ে আলোচনা করা হয়।

প্রতিদিন সকাল ৯:৩০ ঘটিকা থেকে বিকেল ৩:৩০ টা পর্যন্ত প্রশিক্ষণটি পরিচালিত হয়। প্রশিক্ষণার্থীদের বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের বিদ্যমান আইন-কানুন সম্পর্কে পূর্ণাঙ্গ ধারণা প্রদান করাই এ প্রশিক্ষণের লক্ষ্য। কমিশনের ফিন্যান্সিয়াল লিটারেসি ডিভিশনের পক্ষ থেকে নিয়মিতভাবে এ ধরনের প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে



মোঃ আবুল কালাম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

